ঝিনাইদহ শহর থেকে চাইনিজ কুড়ালসহ যুবক আটক

ঝিনাইদহ শহর থেকে চাইনিজ কুড়াল, চাকু, দেশিও থরকোচসহ এক যুবককে আটক করেছে পুলিশ। ঝিনাইদহে দেশীয় অস্ত্রসহ ইয়াছির আরাফাত (২১) নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

সোমবার (৪ ডিসেম্বর) দিবাগত রাতে শহরের ক্যাসেলব্রিজ এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত যুবক সদর উপজেলার খাজুরা গ্রামের আবুল কাশেমের (টাইগার) ছেলে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন জানান, ঝিনাইদহ শহরের ক্যাসেল ব্রিজ এলাকায় সেভেন গিয়ারসহ এক যুবক অবস্থান করছে।

এমন গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ইয়াছির নামের যুবককে গ্রেফতার করে। পরে তার দেহ তল্লাশি করে প্যান্টের পকেটে একটি সেভেন গিয়ার পায়।

গ্রেফতার যুবকের স্বীকারোক্তি মোতাবেক তার গ্রামের বাড়ি সদরের খাজুরা থেকে একটি ট্যাটা, একটি অত্যাধুনিক চাইনিজ কুড়াল উদ্ধার করে।
ঘটনায় থানায় মামলা দায়ের করে যুবককে আদালতে পাঠানো হয়েছে।